

## নিরীক্ষা প্রত্যয়নপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ এবং ১৯৭৪ সালের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইন এর ৫ ধারা (১৯৭৫ সালের সংশোধনী আইনসহ পঠিতব্য) অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের ১৯৯৯-২০০০ এবং তৎপূর্ববর্তী কতিপয় বৎসরের হিসাব বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক পরীক্ষা করা হইয়াছে। এতদ্ব্যতীত উক্ত প্রতিষ্ঠানসমূহের স্থানীয় নিরীক্ষা সংক্রান্ত পরিদর্শনের বর্তমান অবস্থা এবং গুরুতর আর্থিক অনিয়ম, ক্ষয়-ক্ষতি প্রভৃতি এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হইয়াছে। সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর উক্ত হিসাব সম্বন্ধীয় সকল তথ্যাদির ব্যাখ্যা সথাসম্ভব সংগ্রহ করিয়াছে এবং আমার জ্ঞান ও বিশ্বাস মতে আমি প্রত্যয়ন করিতেছি যে, নিরীক্ষ প্রতিবেদনে অন্তর্ভুক্ত তথ্যাদি নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ।

ঢাকা,

তারিখঃ-  $\frac{২৯}{১৫} / \frac{০৩}{১২} / \frac{২০০১}{১৪০৭}$ খ্রিঃ

সৈয়দ ইউসফ হোসেন

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,  
বাংলাদেশ।